

কোস্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়। তারিখ: ২ মার্চ, ২০২১।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী (ক্ষুদ্র ঋণ কর্মসূচি)

হতে: উপ-নির্বাহী পরিচালক

বিষয়: সংস্থায় ব্যক্তিগত (ঋণ ও উন্নয়ন কর্মকর্তা) মটরসাইকেল ব্যবহারে জ্বালানী খরচ প্রদান ও কোনরকম দুর্ঘটনায় পতিত হলে সংস্থার চিকিৎসাভাতা নীতিমালা অনুযায়ী চিকিৎসা খরচ পাওয়া প্রসংক্ষেপে।

প্রিয় সহকর্মীবৃন্দ,


শুভেচ্ছা রহিল।

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গত ১ ডিসেম্বর, ২০২০ তারিখে জারিকৃত সার্কুলারটির কিছু কিছু পরিবর্তন এনে নিম্নে আপনাদের বরাবরে পুনরায় উপস্থাপন করা হলো:

১. কোন ঋণ ও উন্নয়ন কর্মকর্তা (সিডিও) যদি নিজের মোটরসাইকেল নিয়ে মাঠ কার্যক্রম পরিচালনা করেন তাহলে অফিস হতে মটরসাইকেলের ব্যবহারের জন্য জ্বালানী খরচ ও রক্ষনাবেক্ষণ খরচ বাবদ প্রতি মাসে ১২০০ (এক হাজার দুই শত) টাকা করে প্রদান করা হবে যা মাসিক বেতনের সাথে চলে যাবে। এর জন্য কোন বিল জমা দেয়ার দরকার নেই।
২. প্রতিদিন মটরসাইকেল নিয়ে ফিল্ড করতে হবে, এবং মোটরসাইকেল চালু রাখতে হবে। হেলমেট ছাড়া মোটরসাইকেল ব্যবহার করা যাবে না।
৩. কাগজপত্র বা ড্রাইভিং লাইসেন্স সব সময় সাথে রাখতে হবে, যদি এ সকল কাগজপত্র না থাকার কারণে যথাযথ কর্তৃপক্ষ মামলা করে তাহলে সংস্থা এর দায়ভার গ্রহণ করবে না।
৪. কোন কর্মী যদি ব্যক্তিগত মটরসাইকেল চালিয়ে কর্মরত অবস্থায় কোন দুর্ঘটনায় পড়েন তাহলে সংস্থার চিকিৎসা ভাতা নীতিমালা অনুযায়ী তিনি চিকিৎসা খরচ সংস্থা থেকে দাবী করতে পারবেন।
৫. এই সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।
৬. সার্কুলারটি সকলের অবগতির জন্য সকলের স্বাক্ষর নিয়ে আগামী দুই সপ্তাহ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তীতে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

আপনাদের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি : নির্বাহী পরিচালক

সকল পরিচালক

সকল আরপিএস

অফিস ফাইল